

■■ জাল হাদীছের কবলে রাসূলুল্লাহ (ছাঃ)-এর ছালাত

বিভাগ/অধ্যায়ঃ পবিত্রতা (ওযূ ও তায়াম্মুম) রচয়িতা/সঙ্কলকঃ মুযাফফর বিন মুহসিন

(৮) ওযূর অবশিষ্ট পানি দ্বারা ইস্ভিঞ্জা করা যাবে না এবং ইস্ভিঞ্জা করার পর অবশিষ্ট পানি দ্বারা ওয়ূ করা যাবে না বলে ধারণা করা

উক্ত বিশ্বাস সঠিক নয়। রাসূলুল্লাহ (ছাঃ) ও ছাহাবায়ে কেরামের পক্ষ থেকে এ ধরনের কোন নির্দেশনা পাওয়া যায় না। বরং তাঁরা যে পাত্রে ওয়ু করতেন সে পাত্রের পানি দ্বারা ইস্তিঞ্জাও সম্পন্ন করতেন।[1] উল্লেখ্য যে, আবুদাউদ ও নাসাঈতে হাসান সনদে বর্ণিত হয়েছে, একদা রাসূল (ছাঃ) যে পাত্রের পানিতে ইস্তিঞ্জা করেন, তার বিপরীত পাত্রে ওয়ু করেন।[2] মূলতঃ পাত্রের পানি শেষ হয়ে গিয়েছিল বলেই অন্য পাত্র তাঁকে দেওয়া হয়েছিল। মুহাদ্দিছগণ এমনটিই বলেছেন।[3]

ফুটনোট

- [1]. ছহীহ বুখারী হা/১৫০-১৫২, (ইফাবা হা/১৫২, ১/১০২ পৃঃ); ছহীহ মুসলিম হা/৬৪৩; মিশকাত হা/৩৪২; ছহীহ মুসলিম হা/৫৭৮; ১/১২৩ পৃঃ; মিশকাত হা/৩৯৪, ৪১১; বঙ্গানুবাদ মিশকাত হা/৩৬২, ২য় খন্ড, পৃঃ ৭৭; আবুদাউদ হা/১৬৮; মিশকাত হা/৩৬১, পৃঃ ৪৩; বুখারী হা/১৮৭-এর অনুচ্ছেদ দ্রঃ ১/৩১ পৃঃ।
- [2]. আবুদাঊদ হা/৪৫, ১/৭ পৃঃ; নাসাঈ হা/৯৪; মিশকাত হা/৩৬০, পৃঃ ৪৩; বঙ্গানুবাদ মিশকাত হা/৩৩৩, ২/৬৬ পৃঃ, 'পেশাব-পায়খানার শিষ্টাচার' অনুচ্ছেদ।
- [3]. المعنى أنه لا يجوز التوضىء بالماء الباقي من الاستنجاء أو بالإناء الذي استنجى به وإنما أتى بإناء اليس المعنى أنه لا يجوز التوضىء بالماء الباقي من الأول شيء أو بقي قليل والإتيان بالإناء الآخر اتفاقي كان فيه الماء فأتى به يواسله শামসুল হক আযীমাবাদী, আওনুল মা'বৃদ শরহে সুনানে আবী দাউদ (বৈরুত : দারুল কুতুব আল-ইলমিইয়াহ, ১৪১৫ হিঃ), ১ম খন্ত, পৃঃ ৪৫।

Source — https://www.hadithbd.com/books/link/?id=1806

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন